

বিষয়: “স্মার্ট ফায়ার আর্মস লাইসেন্স ম্যানেজমেন্ট সিস্টেম” বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র(১): প্রশাসন-৩ অধিশাখার ইউ.ও নোট নং-৪৪.০০.০০০০.০২১.৩২.০০১.১৮-৫৪৭, তাং-০৯/১০/২০১৮ খ্রিঃ।

(২): জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম-এর স্মারক নং-০৫.৪২.১৫০০.৫০৪.৬১.০০১.২০১৮-৫১৯, তাং-২০/০৯/২০১৮ খ্রিঃ

(৩): স্পেকট্রাম আইটি সলিউশনস লিঃ-এর প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক চট্টগ্রাম কার্যালয়ে আগোয়ান্স লাইসেন্সের আবেদন, লাইসেন্স গ্রহীতাদের বায়োমেট্রিক তথ্য সংরক্ষণ ও যাচাই ব্যবস্থা এবং সর্বাধুনিক সুরক্ষা প্রযুক্তির ১৪ ধরনের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত স্মার্ট লাইসেন্স কার্ড প্রদান প্রক্রিয়াটির কার্যক্রম ওয়ান স্টপ সার্ভিস (OSS) মডেলের মাধ্যমে আইটি প্রতিষ্ঠান “স্পেকট্রাম আইটি সলিউশনস লিমিটেড”-এর কারিগরী সহায়তায় অনলাইন ব্যবস্থাপনায় গত ০৫/১২/২০১৯ খ্রিঃ তারিখ হতে সফলভাবে পরিচালিত হচ্ছে। বর্তমানে অনলাইন সেবাটি www.licence.gov.bd ঠিকানায় পাওয়া যাচ্ছে। জেলা প্রশাসক চট্টগ্রামের “স্মার্ট ফায়ার আর্মস লাইসেন্স ম্যানেজমেন্ট সিস্টেম” প্রক্রিয়াটি একটি Power Point Presentation-এর মাধ্যমে এ বিভাগকে অবহিত করা হলে সকল জেলা প্রশাসক কার্যালয়ে প্রক্রিয়াটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উল্লেখ্য, জেলা প্রশাসক সম্মেলন-২০১৮ এ সকল বৈধ আগোয়ান্স লাইসেন্সের ব্যবস্থাপনা ডিজিটাল পদ্ধতিতে প্রবর্তন ও সংরক্ষণের বিষয়ে সিদ্ধান্ত রয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, চট্টগ্রাম মডেলের ন্যায় “স্মার্ট ফায়ার আর্মস লাইসেন্স ম্যানেজমেন্ট সিস্টেম” প্রক্রিয়াটি সকল জেলা প্রশাসক কার্যালয়ে সম্পূর্ণভাবে অনলাইন ব্যবস্থাপনায় রূপান্তর/সফলভাবে চালুকরার নিমিত্ত www.licence.gov.bd অনলাইন পোর্টালে যুক্ত হয়ে আগোয়ান্সের স্মার্টকার্ড বিতরণের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(আব্দুল জব্বার)
উপসচিব

ফোন: ৯৫৪৬৪৩০

dspol4mha@gmail.com

বিতরণঃ

- ১। বিভাগীয় কমিশনার.....(সকল)
- ২। জেলা ম্যাজিস্ট্রেট.....(সকল)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৫। যুগ্ম-সচিব (রাজ-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্ম-সচিব (রাজ-১), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। উপসচিব (রাজ-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। জনাব মোঃ আবদুল্লাহ আল মামুন, ব্যবস্থাপনা পরিচালক, স্পেকট্রাম আইটি সলিউশনস লিমিটেড, ঢাকা অফিস: হাউজ নং-১/এ, রোড নং-১৯, নিকুঞ্জ-২, খিলক্ষেত-১২২৯, ঢাকা।